# Certificate in Language Examination, 2019
# Bengali
# Paper-I

**Time : 3 Hours** **Full Marks : 80**

ডানদিকে লেখা সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ৪

(ক) নীচের ক্রিয়াপদগুলির মধ্যে যে কোনো একটি ক্রিয়াপদের ঘটমান বর্তমান এবং সাধারণ ভবিষ্যৎ কালের রূপ লেখো:

(i) খেলা (ii) শোনা (iii) খাওয়া

(খ) রেখাঙ্কিত পদগুলির কোন্‌টি কী কারক লেখো (যে কোনো **চারটি**) : ৪

(i) ছেলেরা ফুটবল খেলছে। (ii) গাছ থেকে আমটা পড়ল। (iii) এই কলমে লেখো।

(iv) পুকুরে মাছ আছে। (v) শিক্ষক ছাত্রটিকে বই পড়াচ্ছেন। (vi) সুদীপ সাইকেল চালাচ্ছে।

(গ) বচন পরিবর্তন করো (যে-কোনো **চারটি**) : ৪

(i) আমরা (ii) তিনি (iii) তোমার (iv) পাখি (v) তুমি (vi) গাছগুলি

(ঘ) সংখ্যাগুলি কথায় লেখো (যে-কোনো **চারটি**) : ৪

(i) ১১ (ii) ১৯ (iii) ১৭ (iv) ৯৯ (v) ৭২ (vi) ৮২ (vii) ৬৭

২। (ক) নিম্নলিখিত শব্দগুলি দিয়ে বাক্যরচনা করো কথায় লেখো (যে-কোনো **চারটি**) : ৪×২=৮

(i) চমৎকার (ii) ঝড় (iii) অন্ধকার (iv) ছুটি (v) উৎসব (vi) গল্প

(খ) নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ করে লেখো (যে-কোনো **চারটি**) : ৪×২=৮

(i) গীতা তার দাদাকে সঙ্গে যাচ্ছে। (ii) মানস এখন বই পড়ব। (iii) আমরা বিদ্যালয়ে যায়। (iv) সে গতকাল বাড়ি যাবে। (v) ছেলেগুলি এখানে আসতে ভয় পাচ্ছি। (vi) তিনি চেয়ারে বসে লিখছে।

৩। যে-কোনো **একটি** বিষয় নিয়ে তোমার বন্ধুকে চিঠি লেখো: ১৬

(i) শান্তিনিকেতনের উৎসব-অনুষ্ঠান (ii) তোমার প্রিয় একটি বই

(iii) একটি ঝড়ের বর্ণনা (iv) তোমার বাংলা শেখা

৪। নীচের অংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও : ৪×৪=১৬

এক রাজার সাত রানি। কিন্তু ছেলেপিলে একটিও নাই। রাজার তাতে বড়োই দুঃখ। তিনি সভায় গিয়ে মাথা গুঁজে বসে থাকেন, কেউ এলে ভালো করে কথা কন না।

একদিন হয়েছে কী— এক মুনি রাজার সঙ্গে দেখা করতে এসেছেন। মুনি রাজার মুখভার দেখে জিজ্ঞাসা করলেন, ‘রাজা, তোমার মুখ যে ভার দেখছি; তোমার কীসের দুঃখ?’

রাজা বললেন, ‘সে কথা আর কী বলব মুনি ঠাকুর। আমার রাজ্যে ধন, লোকজন সবই আছে, কিন্তু আমার যে ছেলেপিলে নাই, আমি মরলে এসব কে দেখবে?’

মুনি বললেন, ‘এই কথা? আচ্ছা, তোমার কোনও চিন্তা নাই। কাল ভোরে উঠেই তুমি সোজাসুজি উত্তরদিকে চলে যাবে। অনেক দূর গিয়ে একটা বনের ধারে দেখবে একটা আমগাছ রয়েছে। সেই আমগাছ থেকে সাতটি আম এনে তোমার সাত রানিকে খাইয়ে দিলেই সাতটি ছেলে হবে। কিন্তু খবরদার আম নিয়ে আসবার সময় পিছনের দিকে তাকিয়ো না যেন।’

(i) রাজার দুঃখ কীসের ?

(ii) রাজার মুখভার দেখে মুনি কী জিজ্ঞাসা করেছিলেন ?

(iii) সাত রানির জন্য কোথা থেকে সাতটি আম আনার কথা বলা হয়েছে ?

৫। নীচে লেখা দুটি পদ্যাংশের মধ্যে যে-কোনো একটির সারাংশ লেখো: ১৫

(i) আমি যখন পাঠশালাতে যাই
আমাদের এই বাড়ির গলি দিয়ে,
দশটা বেলায় রোজ দেখতে পাই
ফেরিওলা যাচ্ছে ফেরি নিয়ে।
'চুড়ি চা-ই, চুড়ি চাই' সে হাঁকে,
চীনের পুতুল ঝুড়িতে তার থাকে,
যায় সে চলে যে পথে তার খুশি,
যখন খুশি খায় সে বাড়ি গিয়ে।
দশটা বাজে সাড়ে দশটা বাজে,
নাইকো তাড়া হয় বা পাছে দেরি।
ইচ্ছে করে সেলেট ফেলে দিয়ে
অমনি করে বেড়াই নিয়ে ফেরি।

(ii) মধুমাঝির ওই যে নৌকোখানা
বাঁধা আছে রাজগঞ্জের ঘাটে,
কারো কোনো কাজে লাগছে না তো,
বোঝাই করা আছে কেবল পাটে।
আমায় যদি দেয় তারা নৌকাটি
আমি তবে একশোটা দাঁড় আঁটি,
পাল তুলে দিই চারটে পাঁচটা ছটা —
মিথ্যে ঘুরে বেড়াই নাকো হাটে।
আমি কেবল যাই একটিবার
সাত সমুদ্র তেরো-নদীর পার।